**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/2/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল অ্যাডিরনড্যাক রেল ট্রেইলের প্রথম অংশে নির্মাণ শুরু করার ঘোষণা দেন

## *অ্যাডিরনড্যাকের প্রাণকেন্দ্রে বিশ্ব-মানের বিনোদনের সুযোগ*

## *পরিবেশ সংরক্ষণ বিভাগ এবং সাধারণ পরিষেবার কার্যালয়, তিনটি নির্মাণ পর্যায়ের প্রথমটির জন্য সরঞ্জাম সংহতকরণ ইকুইপমেন্ট মবিলাইজেশন আন্ডারওয়ে ঠিকাদার নির্বাচন করে*

গভর্নর ক্যাথি হোকল আজ অ্যাডিরনড্যাক রেল ট্রেইল, টুপার লেক এবং লেক প্লাসিডের মধ্যে বহিরঙ্গন অভিযাত্রীদের জন্য 34-মাইল বহুবিধ-ব্যবহারের বিনোদনমূলক পথ নির্মাণ শুরু করার ঘোষণা দিয়েছেন। তিনটি নির্মাণ পর্যায়গুলোর মধ্যে প্রথমটি প্ল্যাসিড লেক বরাবর পূর্বের রেলবেডকে করিডোরের সারানাক লেক অংশে হাইকার, বাইকার, ক্রস-কান্ট্রি স্কিয়ার এবং স্নোমোবাইল উৎসাহীদের জন্য একটি বিশ্বমানের শেয়ার করা-ব্যবহারের পথে রূপান্তরিত করবে।

"নিউ ইয়র্ক হলো দর্শনীয় ল্যান্ডস্কেপ এবং অবিশ্বাস্য বিনোদনের সুযোগ সহ দেশের সবচেয়ে প্রাকৃতিক কিছু অঞ্চলের আবাস," **গভর্নর হোকল বলেন।** "অ্যাডিরনড্যাক রেল ট্রেইলটি আমাদের সবচেয়ে মনোরম অঞ্চলগুলোর মধ্যে অন্যতম প্রধান আকর্ষণ হবে এবং বাসিন্দাদের এবং দর্শনার্থীদের সহজে অ্যাডিরনড্যাকের অভিজ্ঞতা নিতে দেবে, পাশাপাশি তাদের অগণিত স্থানীয় অর্থনীতি এবং কমিউনিটির সাথেও সংযুক্ত করবে।"

একবার সম্পন্ন হলে, অ্যাডিরনড্যাক রেল ট্রেইল লেক প্লাসিড, সারানাক লেক এবং টুপার লেকের কমিউনিটিগুলিকে সংযুক্ত করবে। এই রুটটি ব্যবহারকারীদের প্রতিটি কমিউনিটির অনন্য আকর্ষণ এবং সুযোগ-সুবিধা উপভোগ করতে দেবে এবং ভ্রমণ করিডোরের সংলগ্ন বন সংরক্ষণ ভূমিতে মাইলের পর মাইল শ্বাসরুদ্ধকর ট্রেইল, অসংখ্য ক্যাম্পসাইট এবং প্রচুর জলপথে প্রবেশাধিকার প্রদান করবে। ব্যাখ্যামূলক সংকেত দর্শকদের রেলওয়ের ইতিহাস, সংলগ্ন কমিউনিটির সংস্কৃতি এবং আশেপাশের ভূমি এবং জলাশয় সম্পর্কে জানতে সাহায্য করবে। ট্রেইলটি 2025 সালে সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে।

নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) এবং সাধারণ পরিষেবার কার্যালয় (Office of General Services, OGS) সম্প্রতি উইল্টন, সারাটোগা কাউন্টির কুব্রিকি কনস্ট্রাকশন কর্পোরেশনকে প্রথম ধাপের নির্মাণের জন্য 7.9 মিলিয়ন মার্কিন ডলারের চুক্তিমূল্য প্রদান করেছে। নির্মাণ তদারকি এবং পরিদর্শনের জন্য পরিবেশ সুরক্ষা তহবিল (Environmental Protection Fund) কর্তৃক অতিরিক্ত 225,000 মার্কিন ডলার সহায়তা সহ চুক্তিটি এনওয়াই ওয়ার্ক্স (NY Works) কর্তৃক অর্থায়ন করা হয়েছে।

**স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার বেসিল সেগোস বলেন,** "নিউ ইয়র্কবাসীকে প্রকৃতির সাথে সংযুক্ত করতে এবং এই অঞ্চলের অনেক বিনোদনের সুযোগের দিকে আরও বাসিন্দা এবং দর্শকদের আকৃষ্ট করার জন্য অ্যাডিরনড্যাক রেল ট্রেইল একটি প্রধান গন্তব্য হবে। নির্মাণের শুরু রেল ট্রেইল বাস্তবায়নে একটি উত্তেজনাকর মাইলফলক এবং আমরা চলমান স্টেট, ফেডারেল, আদিবাসী জাতি এবং স্থানীয় অংশীদারিত্বের খোঁজ করছি যা এই প্রকল্পটিকে বাস্তবে পরিণত করবে।"

**সাধারণ পরিষেবার কার্যালয় কমিশনার জিনেট ময় বলেন,** "গভর্নর হোকলের নেতৃত্বে, OGS সফলভাবে আমাদের স্টেট এবং স্থানীয় অংশীদারদের সাথে এমন উদ্যোগে সহযোগিতা করেছে যা স্থানীয় পর্যটনকে সমর্থন করে এবং নিউ ইয়র্ক স্টেটের দর্শনার্থীদের অভিজ্ঞতা বাড়ায়। অ্যাডিরনড্যাক রেল ট্রেইল স্টেটে সবচেয়ে মনোরম অঞ্চলগুলোর মধ্যে একটিতে বহিরঙ্গন বিনোদনের সুযোগগুলোকে প্রসারিত করবে এবং OGS টিম এই অবিশ্বাস্য প্রকল্পের নির্মাণ শুরু দেখে বিমোহিত।"

**স্টেট পরিবহন বিভাগ কমিশনার মেরি থেরেসে ডমিনগুয়েজ বলেন,** "অ্যাডিরনড্যাক রেল ট্রেইল দর্শকদের রেলে একটি প্যানোরামিক রাইড এবং হাইকার ও সাইকেল চালকদের নিউ ইয়র্কের সবচেয়ে অত্যাশ্চর্য কিছু প্রাকৃতিক দৃশ্যের মধ্য দিয়ে একটি অতুলনীয় যাত্রার সুযোগ দেবে। এই পুরনো রেললাইনটিকে অবশ্যই একটি দেখার মতো এবং ব্যবহারযোগ্য বিনোদনমূলক গন্তব্যে পরিণত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পেরে পরিবহন বিভাগ গর্বিত যা নিউ ইয়র্কবাসী এবং আমাদের স্টেটের দর্শনার্থীদের জন্য অ্যাডিরনড্যাকের সৌন্দর্য উপভোগ করা সহজতর করে তুলবে।"

স্টেটের জমি এবং ফ্যাসিলিটিগুলোতে জনসাধারণের অংশগ্রহণ বাড়ানো এবং প্রকৃতি ও বাইরের পরিবেশের সাথে মানুষকে সংযুক্ত করার ক্ষেত্রে অ্যাডভেঞ্চার NY ইনিশিয়েটিভের মাধ্যমে প্রকল্পটি DEC-এর কৌশলগত বিনিয়োগের অংশ। ট্রেইলটি এমনভাবে প্রস্তুত করা হয়েছে যাতে সকল সক্ষমতা সম্পন্ন ব্যক্তিবর্গের অ্যাক্সেস সর্বাধিক পরিমাণে ব্যবহারযোগ্য হয়। ট্রেইলের পৃষ্ঠতলের বেশিরভাগ অংশ কম্প্যাক্ট করা চূর্ণ পাথর দিয়ে গঠিত হবে। সরনাক লেক গ্রামের মধ্যে নির্ধারিত এলাকায় এবং ট্রেইল ওভার ব্রিজের ছোট অংশগুলোতে ট্রেইলটি পাকা করা হবে।

2020 সালের অক্টোবরে ট্রেইলটি আধুনিকায়নের কাজ শুরু হয়েছিল যখন স্টেট পরিবহন বিভাগ (State Department of Transportation, DOT) করিডোরের টুপার লেক থেকে লেক প্ল্যাসিড অংশ পর্যন্ত রেল অবকাঠামো অপসারনের কাজ করেছিল। 2022 সালের মার্চ মাসে,

DEC এবং DOT DEC-এর নিকট ক্ষমতা হস্তান্তরের ঘোষণা দিয়েছিল। হস্তান্তরটি রেল অপসারণ পর্বের আনুষ্ঠানিক সমাপ্তি ঘোষণা করে এবং আনুষ্ঠানিক ট্রেইলের নকশা ও নির্মাণ পর্বের সূচনা শুরু করে। ক্ষমতা হস্তান্তরের মাধ্যমে, DEC করিডোরের এই অংশে জননিরাপত্তা এবং বিনোদনমূলক কার্যক্রমের পাশাপাশি রক্ষণাবেক্ষণের ব্যবস্থা নিশ্চিত করে।

নির্মাণ কার্যক্রমের এই ধাপটি লেক প্ল্যাসিড ডিপোট-এর ঠিক পশ্চিমে লেক প্লাসিড-এর স্টেশন স্ট্রিটে শুরু হবে এবং সিডার স্ট্রিট ও রুট 86-এর সংযোগস্থলের কাছে সারানাক লেক ডিপোট-এর ঠিক পরে শেষ হবে। এই ধাপে টুপার লেকে একটি পার্কিং এলাকা নির্মাণ করার বিষয়টিও অন্তর্ভুক্ত রয়েছে এবং আগামী বছর পর্যন্ত এটি অব্যাহত থাকবে বলে আশা করা হচ্ছে।

জনসাধারণের নিরাপত্তা নিশ্চিত করতে, নির্মাণ কাজ চলাকালীন করিডোরের লেক প্ল্যাসিড থেকে সরনাক লেক অংশ পর্যন্ত অ্যাক্সেস সীমিত করা হয়েছে। 19 ডিসেম্বর থেকে শুরু হওয়া শীতকালীন শাটডাউন সময়কালে জনসাধারণকে করিডোরটি ব্যবহারের অনুমতি দেওয়া হবে। বসন্তে নির্মাণ কাজ পুনরায় শুরু হবে। সারানাক লেক থেকে টুপার লেক ট্রেইলের অংশগুলো নির্মাণের প্রথম পর্যায়ে অন্তর্বর্তীকালীন বিনোদনের জন্য উন্মুক্ত থাকবে। পার্কিং লট নির্মাণের সময় টুপার লেক টার্মিনাসের আশেপাশে প্রবেশ সীমাবদ্ধ থাকবে।

ট্রেইল ডিজাইন এবং নির্মাণের তিনটি ধাপজুড়েই OGS তত্ত্বাবধান চালিয়ে যাবে। নির্মাণ কার্যক্রম সমাপ্ত হলে, DEC স্টেকহোল্ডার এবং মিউনিসিপ্যালিটিসমূহের সাথে নিবিড়ভাবে কাজ করে ট্রেইলটির প্রাত্যহিক ব্যবস্থাপনা নিশ্চিত করবে। DEC বর্তমানে রেমসেন-লেক প্ল্যাসিড ট্রাভেল করিডোরের লেক প্ল্যাসিড থেকে টুপার লেক অংশ বরাবর জননিরাপত্তা এবং অন্তর্বর্তীকালীন বিনোদনমূলক কার্যক্রমের পাশাপাশি সাধারণ রক্ষণাবেক্ষণ কাজ পরিচালনা করছে।

**স্টেট সিনেটর ড্যান স্টেক বলেন,** "আমাদের অঞ্চলটি তার প্রাকৃতিক সৌন্দর্য এবং বিনোদনের মাধ্যম হিসেবে পরিচিত। রেল ট্রেইলটি এই সুনামকে আরো বাড়িয়ে তুলবে এবং কার্যক্রম সম্পন্ন হলে বাসিন্দা এবং দর্শনার্থীদের জন্য একইভাবে একটি গুরুত্বপূর্ণ সম্পদে পরিণত হবে।"

**অ্যাসেম্বলিমেম্বার ম্যাথিউ সিম্পসন বলেন,** "আমি এই বিশ্ব-মানের উপভোগ শুধুমাত্র অ্যাডিরনড্যাক পার্ক এবং নর্থ কান্ট্রির বাসিন্দাদের জন্যই নয় বরং সারাদেশের অগণিত দর্শনার্থীদের জন্যও যারা এটি উপভোগ করতে আসবে তাদের সবার জন্য বেশ রোমাঞ্চিত। অ্যাডিরনড্যাক পার্কের সৌন্দর্য রোমাঞ্চকর এবং এক কথায় অসাধারণ। রেল ট্রেইলটি অগণিত নতুন ভ্রমণ পিপাসুদের জন্য একটি সুযোগ প্রদান করবে যাদের অন্য কোথাও সুযোগ নাও হতে পারে।"

করিডোরের অবস্থা, নির্মাণ কার্যক্রমের পর্যায়, অন্তর্বর্তীকালীন বিনোদনের নির্দেশিকা এবং সর্বজনীন ব্যবহারের তথ্যচিত্র সম্পর্কে আপ-টু-ডেট তথ্য DEC-এর রেমসেন-লেক প্ল্যাসিড ট্র্যাভেল করিডোরের ওয়েবপেজে পাওয়া যাবে। এছাড়াও 2020 রেমসেন-লেক প্ল্যাসিড ট্রাভেল

[করিডোর ইউনিট ম্যানেজমেন্ট প্ল্যানের সংশোধন/সাপ্লিমেন্টাল এনভায়রনমেন্ট ইম্প্যাক্ট সংশ্লিষ্ট বিবৃতি] সম্পর্কে অতিরিক্ত বিবরণ DEC-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418